গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-০১
www.bpsc.gov.bd

নম্বর- ৮০.০০.০০০০.১০১.১১.০১৮.১৯ (অংশ-১)-৩৪৭

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩২ / ২১ জুলাই ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড) পদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও সাধারণ নির্দেশাবলি।

খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের **সহকারী প্রোগ্রামার** (৯ম গ্রেড) পদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ ৪৭ জন প্রার্থী মধ্যে **BPSC Form-5A (Applicant's Copy)** জমাদানকারী সাময়িকভাবে (Provisionally) যোগ্য ৪৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

পদের নাম, গ্রেড, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ-১৮.০১.২০২৪ ও ক্রমিক নম্বর-১৩	১১.০৮.২০২৫ সকাল-১০.০০ মিনিট	**000004 000008 000025 000059 000073 000075 000083 000105 000118 000143 000169 000174 000175 000181 000190 000195 000203 000207 000227 000245 000249 000252 000264 000267 000270 000275 000284 000289 000291 000317 000322 000325 000330 000337 000338 000383 200030 300027 300067 300081 400079 500062 700022 700050 800051 = ৪৫ জন**
		ক. অর্জিত স্নাতক (সম্মান) সনদ ৪ (চার) বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমাদান সাপেক্ষে যোগ্য -রেজি: **000008 000105 000190 000249 700022।** **খ.** মৌখিক পরীক্ষার বোর্ডে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমাদান সাপেক্ষে যোগ্য- রেজি: **000203 000227।** **গ.** মৌখিক পরীক্ষার পূর্বে বিপিএসসি ফরম-৫এ এবং প্রবেশপত্রে পিতার নাম সংশোধনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার) বরাবর আবেদন করার শর্তে যোগ্য-রেজি: **700050।**

২.০ খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের **সহকারী প্রোগ্রামার** (৯ম গ্রেড) পদের নিম্নে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বরধারী ০২ (দুই) জন প্রার্থীর প্রার্থিতা ২ নং কলামে বর্ণিত কারণে বাতিল করা হলো:

রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থিতা বাতিলের কারণ
১	২
000286 000298 = ০২ জন	**BPSC Form-5A (Applicant's Copy)সহ আবেদনপত্র দাখিল না করায়।**

ক্রমশ/২

বিশেষ নির্দেশাবলি:

৩.০ অনলাইনে রেজিস্ট্রেশনকালে ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। **উল্লেখ্য, প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

৪.০ **মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১ (এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট হতে ডাউনলোডপূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। জমাদানে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

৪.১ প্রবেশপত্রের কপি ;

৪.২ BPSC Form-5A (Applicant's Copy)

৪.৩ শিক্ষাগত যোগ্যতার সকল সনদের কপি

৪.৪ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ [স্নাতকোত্তর/স্নাতক /বিএসসি/ এইচএসসি/ডিপ্লোমা/এসএসসি বা সমমানের মূল বা সাময়িক সনদ/অন্যান্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)] এর সত্যায়িত কপি। মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে। **উল্লেখ্য, চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সনদ/মার্কসীট/টেস্টিমোনিয়াল এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ০৪ বছর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ০৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/ রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;**

৪.৫ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের কপি। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৪.৬ বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদের কপি;

৪.৭ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের কপি;

৪.৮ অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

৪.৯ জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

৪.১০ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস এর কপি;

৪.১১ সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪.১২ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত কোটার স্বপক্ষে সত্যায়িত সনদ/প্রত্যয়নপত্রের কপি;

৪.১৩ প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪.১৪ ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি;

৪.১৫ নাগরিকত্ব সনদের কপি;

৪.১৬ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকান (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি;

৪.১৭ কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত সিল ও স্বাক্ষর সংবলিত ছাড়পত্র।

৫.০ **ক্রমিক নং- ৪.০ এর অনুচ্ছেদ ৪.১ থেকে ৪.১৭ পর্যন্ত বর্ণিত উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।**

ক্রমশ/৩

৬.০ উল্লেখিত প্রতিটি ডকুমেন্টসের সত্যায়িত কপির উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।

৭.০ মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

৮.০ মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

৯.০ কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের কোনো উল্লেখ্যযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

২১/০৭/২০২৫

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)